

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৫৯
জম্পুইজলা, ১৬ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা
পূর্ব টাকারজলা ভিলেজে ভ্রাম্যমান প্রচার গাড়ি**

বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি গত ১৪ ডিসেম্বর জম্পুইজলা ব্লকের পূর্ব টাকারজলা ভিলেজ এলাকা পরিক্রমা করে। কেন্দ্রীয় ফ্ল্যাগশীপ প্রকল্পে জন সচেতনতা বাড়াতে ভ্রাম্যমান প্রচার গাড়িটি এদিন পূর্ব টাকারজলা এলাকায় এসে পৌঁছায়। জম্পুইজলা বিএসি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা প্রচার গাড়িটির যাত্রা সূচনা করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক দেবদাস দেববর্মা ও জম্পুইজলা ব্লকের বিডিও কমল দেববর্মা। আগামী ২৯ ডিসেম্বর পর্যন্ত এই প্রচার গাড়িটি জম্পুইজলা ব্লকের বিভিন্ন ভিলেজ এলাকা পরিক্রমা করবে। ভ্রাম্যমান প্রচার গাড়ি সূচনা উপলক্ষে বিভিন্ন ফ্ল্যাগশীপ প্রকল্পে যারা এখনও সহায়তা পাননি এমন ১০ জন সুবিধাভোগীকে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় এলপিজি সংযোগ দেওয়া হয়। মৎস্যদপ্তর থেকে ১০ জন মৎস্যচাষীকে মাছের ঔষধ ও খাদ্য দেওয়া হয়। তাছাড়া অনুষ্ঠানে বিকশিত ভারত সংকল্প যাত্রার ক্যালেন্ডার ও বুকলেট বিতরণ করা হয়।
